



# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

বাংলাদেশ

স্মারক নং: ০৫ (১৮৩) জাতীয়বিঃ/পরীঃ/প্রফেঃ/বিপি.এড/২০২৩/১১১৪৫

তারিখ : ১৭/০৯/২০২৪

## ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপি.এড) দ্বিতীয় সেমিস্টার-২০২৩

### কেন্দ্রের প্রতি নির্দেশনাবলী :

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ডিজিটাল প্রক্রিয়ায় পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কাজ (ফরম পূরণ, প্রবেশপত্র বিতরণ, হাজিরা গ্রহণ, উত্তরপত্রের নম্বর গ্রহণ এবং পরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণ ইত্যাদি) সম্পাদনের নিমিত্তে Examination Management System (EMS) সফটওয়্যারের মাধ্যমে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ ব্যাপারে ২০২৩ সালের ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপি.এড) দ্বিতীয় সেমিস্টার পরীক্ষায় EMS সফটওয়্যার ব্যবহার করে অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপের মাধ্যমে ডিজিটাল হাজিরা গ্রহণ এবং অন্যান্য কার্যাবলী সম্পন্ন করার জন্য কেন্দ্রের অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নিম্নোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণের জন্য অনুরোধ জানাচ্ছি।

### অ্যান্ড্রয়েড মোবাইল অ্যাপ [Invigilator App] পরিচালনা, হাজিরা প্রেরণ ও অন্যান্য আনুষঙ্গিক নির্দেশনাবলী :

১. পরীক্ষা শুরুর পূর্বেই অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা, পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য/কক্ষ পরিদর্শকের তথ্য EMS সফটওয়্যারের কেন্দ্র প্যানেলে ইনপুট দিয়ে নিয়োজিত করবেন। Invigilator App দিয়ে হাজিরা গ্রহণ এবং সেন্টার প্যানেল থেকে টপশীট ডাউনলোড সংক্রান্ত যাবতীয় কাজে সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণ সহযোগিতা করবেন।
২. Center Panel এবং Invigilator App সম্বন্ধে আপনারা অবগত আছেন। ইতিপূর্বে বিপি.এড এর কয়েকটি পরীক্ষা EMS সফটওয়্যারের মাধ্যমে সম্পন্ন হয়েছে। পরীক্ষা শুরুর কমপক্ষে ০১ ঘণ্টা পূর্বে মোবাইল ডিভাইস অন করতে হবে এবং চার্জ পূর্ণ আছে কি-না দেখতে হবে। ডিভাইসে ইন্টারনেট সংযোগ চালু করতে হবে।
৩. প্রতিটি কেন্দ্রের জন্য EMS সফটওয়্যারের কেন্দ্র প্যানেলের User ID এবং Password থাকবে।
৪. বিশ্ববিদ্যালয় হতে সরবরাহকৃত QR কোড সম্বলিত উত্তরপত্র ছাড়া অন্য কোন উত্তরপত্রে পরীক্ষা নেওয়া যাবে না।
৫. পরীক্ষা শুরুর পরপরই উত্তরপত্রের এবং প্রবেশপত্রের QR কোড উপর নিচ রেখে কক্ষ পরিদর্শক তার মোবাইল ফোনে ইনস্টল করা Invigilator App টি তার ইমেইল ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে এক এক করে স্ক্যান করবে। প্রয়োজনে কক্ষ পরিদর্শক সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিগণের সহযোগিতা নিতে পারবে। পরীক্ষা চলাকালীন সময়ের মধ্যেই পরীক্ষার্থীর হাজিরা স্ক্যান করতে হবে।
৬. বহিস্কৃত পরীক্ষার্থীর তথ্য সেন্টার প্যানেল থেকে বিস্তারিত তথ্য দিয়ে ডাউনলোড করে পূর্বের নিয়মে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করতে হবে।
৭. সংশ্লিষ্ট পরীক্ষায় যারা ফরম পূরণ করেছে শুধুমাত্র তাদের ডাটা EMS সফটওয়্যারে আপডেট থাকবে।
৮. হাজিরা স্ক্যান ও যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে উপস্থিত/অনুপস্থিত পরীক্ষার্থীর সংখ্যা যাচাই করে দুই কপি টপশীট প্রিন্ট করে এক (০১) কপি কেন্দ্র সংরক্ষণ করবে এবং এক (০১) কপি ই-টাইপের সঙ্গে প্রেরণ করতে হবে।
৯. পূর্বের ন্যায় ম্যানুয়্যাল পদ্ধতিতেও হাজিরাশীটে পরীক্ষার্থীদের হাজিরা গ্রহণ, সংরক্ষণ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করতে হবে।
১০. মোবাইল দিয়ে হাজিরা স্ক্যান ও সেন্টার প্যানেল ব্যবহারে টেকনিক্যাল সহযোগিতার জন্য এস এম তানভীর -০১৩২৬৬০২৪৫৮, মোঃ মেহেদী হাসান- ০১৬৭৬২২৭০১৯, মোঃ ইব্রাহিম খন্দকার- ০১৭১০৬৫৯০৬৮ এর সাথে যোগাযোগ করা যাবে।

### OMR (ই-টাইপ), উত্তরপত্রের প্যাকেট/বাউন্ডেল প্রস্তুতকরণ ও প্রেরণের নিয়মাবলী :

- ক. তদ্বী পত্রের লিখিত মূল উত্তরপত্র অনধিক ৫০ (পঞ্চাশ)টি করে সাজিয়ে উপরে-নিচে করোগেটেড বোর্ড দিয়ে শক্ত সূতা দিয়ে মজবুত করে বেধে মোটা লাল রঙের কাপড় দিয়ে মুড়িয়ে বাউন্ডেল তৈরী করতে হবে। প্রতিটি বাউন্ডেলের প্রথম উত্তরপত্রের ভিতর কমপক্ষে একটি প্রশ্নপত্র দিতে হবে। প্রতিটি বাউন্ডেলের লেবেল লাগিয়ে তার উপর পরীক্ষা কোড, বিষয় কোড, বিষয়, পত্র কোড ও উত্তরপত্রের সংখ্যা লিখতে হবে।
- খ. উত্তরপত্রের চার/পাঁচটি বাউন্ডেল একত্র করে একটি প্যাকেট তৈরী করে পরীক্ষার দিনই জনাব মোঃ জাকের হোসেন, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেশনাল শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এই ঠিকানায় রেজিস্ট্রি ডাক মারফত/হাতে হাতে পাঠাতে হবে। মোবাইল নং-০১৭১১৬২৬৭৬
- গ. OMR (ই-টাইপ) প্যাকেটটি লাল কাপড় দিয়ে মুড়িয়ে সেলাই ও গালাসীল করে প্রতিদিনের পরীক্ষা শেষে ড্রেজারী/নিকটস্থ থানায় নিরাপদ হেফাজতে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।
- ঘ. পরীক্ষা শেষ হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে সকল OMR (ই-টাইপ) ও হাজিরাপত্র জাতীয় বিশ্ববিদ্যালয়/আঞ্চলিক কেন্দ্রে জমা দিতে হবে।

তথ্য প্রযুক্তি ব্যবহারে পরীক্ষা গ্রহণ ও পরিচালনায় আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।

(মোঃ এনামুল করিম)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।